ইত্তেফাক

তারিখ ২৪।২।৮২
পৃষ্ঠা ... কলাম ...

৩৬২

123

১

## রামদিয়া এস,এস,সি পরীক্ষা কেন্দ্র স্থানান্তর প্রসঙ্গে

ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার অন্তর্গত রামদিয়া এস, এস, সি পরীক্ষা কেন্দ্রটি ঢাকা মাধ্যমিক/উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে দেশ স্বাধীনের পর হইতেই কাশিয়ানী থানার শাখা কেন্দ্র হিসাবে পরিগণিত হইয়া আসিতেছে। উক্ত পরীক্ষা কেন্দ্রে প্রতি বৎসর ৪৫০ হইতে ৫০০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করিয়া থাকে এবং ফলাফলও প্রতি বৎসরই সন্তোষজনক হইয়া থাকে। শোনা যাইতেছে যে, ১৯৮১/৮২ সালে পরীক্ষা কেন্দ্রটি রামদিয়া হইতে গোপালগঞ্জ কিংবা কাশিয়ানী থানার সদরে স্থানান্তর করা হইবে। কিন্তু কি জন্য উক্ত কেন্দ্র স্থানান্তর করা হইবে সে বিষয়ে আমরা সম্পূর্ণ অজ্ঞাত। বর্তমান অবস্থায় পরীক্ষা কেন্দ্র রামদিয়া হইতে স্থানান্তর করা হইলে উক্ত কেন্দ্রের পরীক্ষার্থীদের দুর্ভোগের সীমা থাকিবে না। কেননা ৪৫০-৫০০ পরীক্ষার্থীর পক্ষে গোপালগঞ্জ কিংবা কাশিয়ানী পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেওয়া অসম্ভব হইয়া পড়িবে। যাতায়াত, থাকা এবং অর্থনৈতিক সংকটই প্রকট হইয়া উঠিবে। প্রত্যেক পরীক্ষার্থীকেই নিরক্ষরতা দূরীকরণের জন্য যে সকল ব্যক্তি বিশেষকে অক্ষরজ্ঞান দেওয়ার ভার দেওয়া হইয়াছে তাহাদের প্রত্যেককেই পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে উপস্থিত রাখিতে হইবে। যাহার জন্য প্রত্যেক পরীক্ষার্থীকেই এক বিরাট অসুবিধার সম্মুখীন হইতে হইবে। ইহাছাড়া গত ফসলের মৌসুমে ফলন আশাব্যঞ্জক না হওয়ায় প্রত্যেক অভিভাবকই নিদারুণ দুশ্চিন্তার মধ্য দিয়া দিনাতিপাত করিতেছেন।

ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন, পরীক্ষা কেন্দ্র রামদিয়াতে বহাল রাখার জন্য অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হউক।

—এম, এম, জিল্লুর রহমান (টগর), গ্রামঃ তারাইল, ডাকঘরঃ তারাইল বাজার, ফরিদপুর।